গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৩২.০৭.০৩৬.১৭-৬৫ তারিখঃ ১৫/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ **পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশকরণ।**

কৃষি মন্ত্রণালয় হতে বিগত ২০১৬-১৭ অর্থ বছরের ছাড়কৃত সারে ভর্তুকির পোষ্ট অডিট করার লক্ষ্যে চার্টার্ড একাউনটেন্ট ফার্ম নির্বাচনের জন্য একটি রিকোয়েষ্ট ফর এক্সপ্রেশনস অব ইন্টারেষ্ট (EOI) এর কপি এতদসংগে প্রেরণ করা হলো। আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী ২০/১০/২০১৭ তারিখের মধ্যে ১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২। বিজ্ঞপ্তিটি প্রকাশের পর দুই সেট সৌজন্য কপিসহ সরকারী বিধি মোতাবেক বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ EOI (দুই প্রস্থ)

১৫/১০/২০১৭
(মোঃ নজরুল ইসলাম)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ৯৫৫০৯৭৩

১। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক ইত্তেফাক
৪০, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।

২। Manager (Advertisment)
The Financial Express
Tropicana Tower (4th Floor)
45, Topkhana Road, Dhaka.

অনুলিপিঃ

১। উপ-সচিব, প্রশাসন-৪ বাজেট অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
২। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে EOI টি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। অতিরিক্ত সচিব (প্রঃ ও উঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয় ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moa.gov.bd

নং ১২.০০.০০০০.০৩২.০৭.০৩৬.১৭-৬৪ তারিখঃ ১৫ -১০ -২০১৭ খ্রিঃ

বিগত ২০১৬-১৭ অর্থবছরে রসায়নিক সারে প্রদত্ত ভর্তুকির পোষ্ট অডিট করার লক্ষ্যে চার্টার্ড একাউনটেন্ট ফার্ম নির্বাচনের জন্য

<u>রিকোয়েষ্ট ফর এক্সপ্রেশনস অব ইন্টারেষ্ট (EOI)</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয় কর্তৃক ২০১৬-১৭ অর্থ বছরে বেসরকারী পর্যায়ে আমদানিকৃত নন-ইউরিয়া (টিএসপি, ডিএপি, এমওপি ও এমএপি) সারে ভর্তুকি প্রদানকৃত অর্থের হিসাব নিরীক্ষাকরণ এবং তা যথানিয়মে পরিশোধ করা হয়েছে কিনা সে বিষয়টি নিশ্চিতকরণ ও প্রত্যয়নের লক্ষ্যে চার্টার্ড একাউনটেন্ট/অডিট ফার্ম নিয়োগের জন্য আগ্রহ ব্যক্তকরণ প্রস্তাব আহবান করা যাচ্ছে। ভর্তুকির হিসাব নিরীক্ষার ব্যয়ভার মিটানোর জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ আছে।

কৃষি মন্ত্রণালয় কর্তৃক বিগত ২০১৬-১৭ অর্থ বছরে বেসরকারী পর্যায়ের মাধ্যমে আমদানিকৃত প্রায় ৯.৭০ লক্ষ মে.টন নন-ইউরিয়া সার ভর্তুকির আওতায় ছাড় করা হয়। বেসরকারী আমদানিকারকগণ দেশের সকল উপজেলায় সার ডিলারদের নিকট সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় করে। ডিলার নিজে সরাসরি বা খুচরা বিক্রেতার মাধ্যমে কৃষকের নিকট সরকার নির্ধারিত মূল্যে (ভর্তুকি মূল্যে) সার বিক্রয় করে। আমদানিকারক কর্তৃক ডিলারের নিকট বিক্রয় মূল্য ও আমদানি খরচের পার্থক্য সরকার ভর্তুকি হিসেবে আমদানিকারকগনকে প্রদান করে। চার্টার্ড একাউনটেন্ট/অডিট ফার্মের প্রধান কাজ হবে নিম্নরূপঃ-

১। সরকারী নীতিমালা/প্রক্রিয়া অনুসরণ করে সারে যথাযথভাবে ভর্তুকি প্রদান করা হয়েছে কিনা তা পরীক্ষা করা;

২। আমদানি সংক্রান্ত এবং সংশ্লিষ্ট সকল দলিলপত্রাদি যেমনঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিবন্ধন সনদ, ঋনপত্র, প্রি-শিপমেন্টস ইন্সপেকশন সার্টিফিকেট, ম্যানুফ্যাকচারার্স গ্যারান্টিড এনালাইসিস সার্টিফিকেট, বিল অব লেডিং, কমার্শিয়াল ইনভয়েস, বিল অব এন্ট্রি, বিল অব এক্সচেঞ্জ, ইত্যাদি সহ আমদানি পরিদর্শন কমিটি কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের সঠিকতা পরীক্ষা;

৩। আমদানিকারকদের নিকট হতে ডিলার কর্তৃক ক্রয়কৃত সার ডিলারদের গুদামে পৌছানো সংক্রান্ত আগমনী বার্তা (Arrival report) পরীক্ষা ;

৪। আমদানিকারকগণ কর্তৃক ডিলারদের নিকট সার বিক্রয় সংক্রান্ত বিক্রয় রেজিষ্টার ও মজুদ রেজিষ্টার পরীক্ষা এবং ডিলারদের হিসাবের সমন্বয় পরীক্ষা; এবং

৫। আমদানিকারকওয়ারী আমদানীকৃত এবং ভর্তুকির আওতায় ছাড়কৃত সারের পরিমাণ নির্ধারণ এবং জেলাওয়ারী, উপজেলাওয়ারী ও ডিলারওয়ারী বিক্রীত সারের পরিমাণ নির্ধারন করে অডিট রিপোর্ট প্রনয়ন করা ।

শর্তাবলীঃ

(১) আগ্রহী বাংলাদেশী চার্টার্ড একাউনটেন্ট/অডিট ফার্মকে সমজাতীয় নিরীক্ষা কাজের ১০ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে এবং তাদের প্রয়োজনীয় জনবলসহ সহায়ক উপকরণাদি থাকতে হবে।

(২) দরখাস্তের সাথে রেজিস্ট্রেশন সনদ, হালনাগাদ কর দাখিলের প্রমানক (পরিশোধিত করের পরিমাণ উল্লেখপূর্বক), কনসোর্টিয়ামের ক্ষেত্রে যৌথ উদ্যোগের চুক্তিনামা দাখিল এবং কর্মরত জনবলের জীবন-বৃত্তান্ত ও অভিজ্ঞতা যথাযথভাবে উল্লেখ করতে হবে।

আগ্রহী প্রতিষ্ঠানকে তাদের যোগ্যতার স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি ও প্রমাণক দাখিলের অনুরোধ করা হলো (সংস্থার সুযোগ-সুবিধা এবং দক্ষতার ক্ষেত্রসমূহ নির্দেশপূর্বক ব্রোশিয়ার; একই ধরণের সম্পাদিত কাজের বিবরণ; একই ধরণের কর্মপরিবেশ ও পরিস্থিতিতে পরিচালিত কাজের অভিজ্ঞতা ও পেশাগত যোগ্যতাসম্পন্ন জনবল এবং কাজ সম্পাদনে পর্যাপ্ত সম্পদের প্রাপ্যতা; এবং আর্থিক সঙ্গতি ও ব্যবস্থাপনাগত সামর্থ্য ইত্যাদি)।

আবেদনকারী তার সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কনসোর্টিয়াম গঠন করতে পারবে, তবে তা অত্যাবশ্যক নয়।

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর "নিম্নতম ব্যয়-ভিত্তিক নির্বাচন পদ্ধতি" অনুসরণে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। চুক্তি সম্পাদনের পর অনতিবিলম্বে কাজটি শুরু করতে হবে ।

আগ্রহী একাউনটেন্ট/অডিট ফার্মের এ বিষয়ে অধিক তথ্য জানার প্রয়োজন হলে ৯৫৫০৯৭৩ ফোন নম্বরে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য জানতে পারবে।

সীলমোহরযুক্ত আবেদনপত্র (EOI) **০৮-১১ - ২০১৭ খ্রিঃ তারিখ বিকাল ২ .০০ ঘটিকায়** মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে এবং আবেদনের খামের উপরে স্পষ্টাক্ষরে **<u>"সারে ভর্তুকির পোষ্ট-অডিট ২০১৬-১৭ সংক্রান্ত Expressions of Interest (EOI)"</u>** লিখতে হবে।

যে কোন বা সকল আবেদনপত্র (EOI) বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৫/১০/১৭

(শেখ বদিউল আলম)
উপ-প্রধান
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
ভবন নং -৪, কক্ষ নং ৫০৮, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোনঃ ৯৫৪০৬০৬